

বাফুফে মাননীয় সভাপতির মাসিক (জানুয়ারী ২০২৩) বিবৃতি:

বিশ্বকাপের উন্মাদনা ও উত্তেজনা এখনও আমাদের মধ্যে বিদ্যমান এবং এরই মাঝে ফুটবলের সাথে জড়িত সকলকে ২০২৩ ইংরেজী নববর্ষের শুভেচ্ছা জানাই। আমাদের সাফল্য অর্জন এবং ধারাবাহিক সাফল্য ধরে রাখার ব্যাপারে আমরা বদ্ধপরিকর। এই সাফল্য ধরে রাখতে আমাদের অবশ্যই এশিয়ার ফুটবলের পরিবর্তনের সাথে সামঞ্জস্য রেখে এগিয়ে যেতে হবে। আমাদের অর্জনসমূহ বর্তমান ও ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলা করার সাহস ও শক্তি যোগাবে।

আমরা দেশের প্রতিভাবান খেলোয়াড়, প্রশিক্ষক, রেফারি এবং স্টেটক হোল্ডারদের সমন্বয়ে একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা হাতে নিয়েছি। আমি বিশ্বাস করি দীর্ঘমেয়াদী পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে আমরা প্রতিভাবান খেলোয়াড় কোচ, রেফারী তৈরী করতে পারবো, যা দেশের জন্য সুনাম বয়ে আনবে।



বিভিন্ন ম্যাচ, ইভেন্ট, টুর্নামেন্ট ও প্রতিযোগিতাসমূহে নতুন এবং পুরাতন দর্শকদের ফুটবলের প্রতি আগ্রহ বৃদ্ধি করার জন্য কাজ করে যাচ্ছি।

দেশের ফুটবলের ইতিবাচক পরিবর্তন এবং বাফুফে এলিট একাডেমীতে অবস্থানরত খেলোয়াড়দের সার্বক্ষণিক পরিচর্যার মাধ্যমে আমরা দেশের ফুটবলকে আরও সমৃদ্ধশালী করে গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ। একটি দলীয় প্রচেষ্টা ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে আমাদের সাফল্য অর্জন করা সম্ভব, যার ফলে ফুটবলের জনপ্রিয়তা আরও বৃদ্ধি পাবে। এই জনপ্রিয়তা, শক্তিমত্তা এবং প্লাটফর্মকে কাজে লাগিয়ে কিভাবে দেশের ফুটবলে ইতিবাচক পরিবর্তন আনা যায় সেই লক্ষ্য পূরণে আমরা কাজ করে যাচ্ছি।

চলমান বসুন্ধরা গ্রুপ 'ফেডারেশন কাপ ২০২২-২৩', 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২২-২৩' এবং 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২২-২৩':

বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২২-২৩ ও বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২২-২৩ এর খেলার প্রথমপর্ব শেষ হতে চলেছে। এই প্রথমবারের মত বাংলাদেশে ইউরোপীয় প্রতিযোগিতার মডেলে সপ্তাহান্তে লীগের খেলা এবং সপ্তাহের মাঝে ফেডারেশন কাপের খেলা চলমান। আমি মনে করি বর্তমান লীগসমূহ একটি সঠিক কাঠামো অনুসরণ করে চলমান প্রতিযোগিতামূলক ফুটবলের পরিবেশ সৃষ্টি করেছে। অংশগ্রহনকারী সকল ক্লাবসমূহের জন্য আমার শুভ কামনা এবং আমি মনে করি এবারের লীগের খেলাগুলো অনেক উত্তেজনাপূর্ণ ও উপভোগ্য হয়ে উঠছে।



এএফসি প্রফেশনাল ডিপ্লোমার সদস্য পদ প্রাপ্তিঃ

গত ২০২২ সালের শেষের দিকে এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি) হতে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের নিকট একটি চমৎকার খবর এসেছে। বাফুফে এএফসি কোচিং কনভেনশনের আওতায় কোচদের প্রশিক্ষণের সর্বোচ্চ 'এএফসি প্রফেশনাল ডিপ্লোমা'র সম্মানিত সদস্য পদ লাভ করে। এই অর্জনের মাধ্যমে আমরা কোচিং এডুকেশন প্রক্রিয়ায় এশিয়ায় নেতৃত্ব দিচ্ছি। এই অসাধারণ কৃতিত্ব অর্জনের জন্য আমি বাফুফের টেকনিক্যাল ডিপার্টমেন্টের সকলকে আন্তরিক অভিনন্দন জানাই।

বাফুফে এএফসি 'এ' ডিপ্লোমা সার্টিফিকেট প্রদানঃ

বাফুফের কোচ ডেভেলপমেন্ট প্রোগ্রামের আওতায় মেন্টরিং স্কীমে আরও ৩ (তিন) জন অংশগ্রহনকারীকে "বাফুফে এএফসি 'এ' ডিপ্লোমা কোর্স" সার্টিফিকেট প্রদান করা হয়েছে। আমরা বছরব্যাপী কোচিং কোর্স আয়োজনের পাশাপাশি প্রশিক্ষকদের সার্বিক সহযোগিতা প্রদান, প্রকৃত শিক্ষায় আত্মবিশ্বাসী করে গড়ে তোলা, বাস্তবিক শিক্ষা এবং কাজের প্রকৃতি অনুযায়ী আধুনিক ফুটবল দীক্ষায় দীক্ষিত হওয়াসহ নিজস্ব উন্নয়নের জন্য তাদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের প্রক্রিয়া চলমান রয়েছে। সার্টিফিকেট অর্জনকারী সকলকে আমার আন্তরিক অভিনন্দন।

বাফুফে কর্তৃক কর্নেল (অব:) গৌতম কর'কে রেফারিং কনসালটেন্ট হিসাবে নিয়োগ প্রদানঃ

বাফুফে রেফারিং কনসালটেন্ট হিসেবে ভারতীয় নাগরিক কর্নেল (অব:) গৌতম কর'কে বাংলাদেশ ফুটবল ফেডারেশনে নিয়োগ দেয়া হয়েছে। আমি আশা প্রকাশ করি তিনি বাফুফের ব্যবস্থাপনায় আয়োজিত খেলাসমূহের সকল স্তরে আমাদের রেফারিদের উন্নয়নের জন্য একটি সর্বজন স্বীকৃত কৌশলগত পরিকল্পনা তৈরি ও বাস্তবায়নে অগ্রজ ভূমিকা পালন করবে। বর্তমান রেফারিদের মান উন্নয়নের পাশাপাশি নতুন রেফারী তৈরীর জন্য দীর্ঘমেয়াদী পরিকল্পনা নিয়ে কাজ করবে।

রেফারি অ্যাসেসর এবং ম্যাচ কমিশনার রিফ্রেসার্স প্রোগ্রামঃ

রেফারীদের মান উন্নয়নের ক্ষেত্রে রেফারী অ্যাসেসর ও ম্যাচ কমিশনারগণ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। বাফুফের রেফারিং কনসালটেন্ট বাফুফের সচিবালয়ে যোগদানের পরপরই গত ১৭ জানুয়ারী ২০২৩ তারিখ রেফারী অ্যাসেসর ও ম্যাচ কমিশনারদের অংশগ্রহনে বাফুফে ভবনে দিনব্যাপী ওয়ার্কশপের আয়োজন করেন। আমরা রেফারীদের মান উন্নয়নে প্রতিটি ম্যাচের পর তাদের পারফরম্যান্স বিশ্লেষণ ও মূল্যায়নের ব্যবস্থা করেছি। রেফারীদের মান উন্নয়ন ও বিকাশের ক্ষেত্রে এই প্রক্রিয়াটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সার্ব অ্যানুর্ধ্ব - ২০ মহিলা চ্যাম্পিয়নশীপ ২০২৩ঃ

আগামী ৩ হতে ৯ ফেব্রুয়ারী ২০২৩ পর্যন্ত সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশন (সার্ব) এর তত্ত্বাবধানে বাংলাদেশসহ, ভুটান, ভারত ও নেপাল অ-২০ মহিলা জাতীয় ফুটবল দলের অংশগ্রহণে 'সার্ব অ-২০ ওমেন্স চ্যাম্পিয়নশীপ ২০২৩' এর খেলা ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে। আমি আশা করি বাংলাদেশের ফুটবলপ্রেমী দর্শকগণ মাঠে এসে সরাসরি খেলাগুলো উপভোগ করবে এবং বাংলাদেশ অ-২০ মহিলা জাতীয় ফুটবল দলকে অনুপ্রাণিত করবে।